



তারিখ : ১০ জুন, ২০২৬ খ্রি.

প্রেস বিজ্ঞপ্তি

পিবিপ্রবির ৩য় ভাইস-চ্যান্সেলর হিসেবে যোগ দিলেন রাবি প্রফেসর ডক্টর মোহাম্মদ ছবিরুল ইসলাম হাওলাদার

বিশিষ্ট শিক্ষাবিদ, রাজশাহী বিশ্ববিদ্যালয়ের (রাবি) আরবি বিভাগের প্রফেসর ডক্টর মোহাম্মদ ছবিরুল ইসলাম হাওলাদার পিরোজপুর বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (পিবিপ্রবি) তৃতীয় ভাইস-চ্যান্সেলর হিসেবে যোগদান করেছেন। গতকাল ৯ জুন ২০২৬ মঙ্গলবার পূর্বাঞ্চে শিক্ষা মন্ত্রণালয়ের মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগের সচিব বরাবর যোগদানপত্র দাখিল করেন। একইদিন সন্ধ্যায় তিনি পিরোজপুরে বিশ্ববিদ্যালয়ের অস্থায়ী ক্যাম্পাসে পদার্পণ করেন।

ক্যাম্পাসে পৌঁছালে নবনিযুক্ত ভাইস-চ্যান্সেলর মহোদয়কে বিশ্ববিদ্যালয়ের শিক্ষক, শিক্ষার্থী, কর্মকর্তা, কর্মচারীবৃন্দ ফুলেল শুভেচ্ছায় বরণ করে নেন। পরে তিনি প্রশাসনিক ভবনের সভাকক্ষে শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীদের সঙ্গে এক মতবিনিময় সভায় অংশ নেন। এ সময় মাননীয় ভাইস-চ্যান্সেলর মহোদয় বিশ্ববিদ্যালয়কে এগিয়ে নিতে সংশ্লিষ্ট সকলের সার্বিক সহযোগিতা কামনা করেন।

এর আগে গত ৮ জুন শিক্ষা মন্ত্রণালয়ের মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগ কর্তৃক জারিকৃত প্রজ্ঞাপনে প্রফেসর ডক্টর মোহাম্মদ ছবিরুল ইসলাম হাওলাদারকে পিরোজপুর বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলর হিসেবে নিয়োগ দেওয়া হয়।

প্রজ্ঞাপনে জানানো হয়, মহামান্য রাষ্ট্রপতি ও বিশ্ববিদ্যালয়ের চ্যান্সেলরের অনুমোদনক্রমে পিরোজপুর বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, আইন, ২০২২ এর ১০(১) ধারা অনুযায়ী প্রফেসর ডক্টর মোহাম্মদ ছবিরুল ইসলাম হাওলাদারকে ভাইস-চ্যান্সেলর পদে নিয়োগ দেওয়া হয়েছে। যোগদানের তারিখ থেকে তিনি আগামী চার বছর অথবা অবসর গ্রহণের তারিখের মধ্যে যেটি আগে ঘটবে, সেই সময় পর্যন্ত বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলর হিসেবে দায়িত্ব পালন করবেন।

বিশিষ্ট এই শিক্ষাবিদ দীর্ঘ প্রায় তিন দশকেরও বেশি সময় ধরে শিক্ষা ও গবেষণায় গুরুত্বপূর্ণ অবদান রেখে চলছেন। তিনি ১৯৯৭ সালে রাজশাহী বিশ্ববিদ্যালয়ের আরবি বিভাগের প্রভাষক হিসেবে তাঁর কর্মজীবন শুরু করেন। ২০১২ সালে তিনি প্রফেসর পদে উন্নীত হন। বর্তমানে তিনি গ্রেড-১ প্রফেসর হিসেবে কর্মরত। বর্ণাঢ্য কর্মজীবনে তিনি বিভাগীয় চেয়ারম্যান, আবাসিক হলের সহকারী হাউস টিউটর ও বিভিন্ন প্রশাসনিক দায়িত্ব সফলভাবে পালন করেছেন।

প্রফেসর ডক্টর মোহাম্মদ ছবিরুল ইসলাম হাওলাদার ভোলা জেলার লালমোহন উপজেলায় এক সম্ভ্রান্ত মুসলিম পরিবারে জন্মগ্রহণ করেন। তিনি ঢাকা বিশ্ববিদ্যালয় থেকে আরবি বিভাগ থেকে স্নাতক (সম্মান) ও স্নাতকোত্তর সম্পন্ন করেন। পরে রাজশাহী বিশ্ববিদ্যালয় থেকে ইসলামিক স্টাডিজের দ্বিতীয় স্নাতকোত্তর এবং একই বিশ্ববিদ্যালয় থেকে পিএইচডি ডিগ্রি অর্জন করেন।

বাংলা, ইংরেজি, আরবি, উর্দু ও ফারসি ভাষায় দক্ষ প্রফেসর ডক্টর মোহাম্মদ ছবিরুল ইসলাম হাওলাদার একজন বহুভাষিক শিক্ষাবিদ ও গবেষক। আরবি ভাষা ও সাহিত্য, ইসলামী চিন্তাধারা, মধ্যপ্রাচ্যের সাহিত্য এবং বাংলা সাহিত্যে আরবি-ফারসি প্রভাব নিয়ে তাঁর একাধিক গবেষণা প্রবন্ধ দেশ-বিদেশের স্বনামধন্য জার্নালে প্রকাশিত হয়েছে। গবেষণা ও জ্ঞানচর্চার প্রসারে তিনি বিভিন্ন গবেষণা প্রকল্প, সেমিনার এবং একাডেমিক কার্যক্রমে সক্রিয়ভাবে সম্পৃক্ত রয়েছেন।

পাশাপাশি তিনি এম.ফিল. ও পিএইচডি পর্যায়ে গবেষণা তত্ত্বাবধান এবং বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের গবেষণা মূল্যায়ন কার্যক্রমেও গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে আসছেন। তিনি বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনের (UGC) পোস্টডক্টরাল মূল্যায়ন কার্যক্রমেও যুক্ত ছিলেন। এছাড়া রাষ্ট্রপতি কর্তৃক মনোনীত সদস্য হিসেবে হাজী মোহাম্মদ দানেশ বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের একাডেমিক কাউন্সিল এবং রাজশাহী প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (RUET) নিয়োগ বোর্ডের সদস্য হিসেবেও দায়িত্ব পালন করছেন। তাঁর রচিত উল্লেখযোগ্য গ্রন্থ Arabic-Persian Words and Islamic Elements in the Poetry of Farrukh Ahmad: An Evaluation গবেষণাপনে বিশেষভাবে সমাদৃত।

10.06.2026